



ঢাকা ওয়াসা


বিষয়ঃ Supplying, fitting & fixing Air conditioner for MODS Zone-02 & Accounts division of Dhaka WASA.


- ০১। আবেদনপত্র।
 ০২। ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
 ০৬। বর্তমান বাজার দরের কপি।
 ০৪। রেইট এনালাইসিস।
 ০৫। প্রাক্কলন।

- ১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার আওতাধীন চাঁদনীঘাট পানি শোধনাগার ল্যাবরেটরির জন্য এয়ার কন্ডিশনার সরবরাহ করার জন্য নির্বাহী প্রকৌশলী, মডস জোন-০২ নথি প্রেরণ করেছেন এবং হিসাব বিভাগের ক্যাশ শাখার জন্য এয়ার কন্ডিশনার সরবরাহ করার জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব বিভাগ, ঢাকা ওয়াসা একটি নথি প্রেরণ করেছেন। সেই প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, চাঁদনীঘাট পানি শোধনাগার ল্যাবরেটরি রুমে ২ টন ধারণ ক্ষমতা সম্পন্ন এয়ার কন্ডিশনার লাগানো আছে। দীর্ঘদিনের পুরাতন হওয়ায় এয়ার কন্ডিশনারগুলো হতে ক্রমাগত পানি পড়ছে। উল্লেখ্য যে, ইতিপূর্বে এয়ার কন্ডিশনারগুলো সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ হতে কয়েকবার লিকেজ ও অন্যান্য মেরামত কাজ করা হয়েছে। বর্তমানে মেরামত পূর্বক এয়ার কন্ডিশনারগুলো ব্যবহার করা সম্ভব হচ্ছেনা। তাছাড়া হিসাব বিভাগের ক্যাশ শাখা একটি গুরুত্বপূর্ণ শাখা। উক্ত শাখাটি চারিদিকে গ্লাস দ্বারা তৈরিকৃত। ফলে ক্যাশ শাখায় প্রচন্ড গরমের সৃষ্টি হয়। ক্যাশ শাখায় বসে দৈনন্দিন কাজ করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। চাঁদনীঘাট পানি শোধনাগার ল্যাবরেটরি এবং ক্যাশ শাখায় নতুন এয়ার কন্ডিশনার লাগানো জরুরী প্রয়োজন। পুরাতন এয়ার কন্ডিশনারগুলোর অনুমোদিত দরের ভিত্তিতে স্কাপ ভ্যালু বিয়োজন করা হয়েছে। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএম ডব্লিউ সি সার্কেল কে পরিদর্শন করানো হবে এবং সন্তোষজনক পরিদর্শনান্তে কাজটি চূড়ান্ত করা হবে।
- ২। উক্ত কাজটি সম্পন্ন করার জন্য বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। যাতে ব্যয় এসেছে ৳.৪,৯৯,৬৪৭/- (চার লক্ষ নিরানব্বই হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ-বৎসরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় “এসি ক্রয়” খাতের আইটেম নং-০৩ হতে নির্বাহ করা হবে। পি.পি.আর.-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় “Pannaservice & Electronics” এর মাধ্যমে কাজটি সম্পন্ন করা যেতে পারে।
- ৩। এমতাবস্থায়, Supplying, fitting & fixing Air conditioner for MODS Zone-02 & Accounts division of Dhaka WASA. কাজটি পিপি আর ২০০৮ এর ৭৬(১) (ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় “Pannaservice & Electronics” এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলিত সর্বমোট ৳.৪,৯৯,৬৪৭/- (চার লক্ষ নিরানব্বই হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা মাত্র সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যাহার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


 ০৬/০৫/২৫
 ২০২৫
 মোহাম্মদ রিয়াজুল ইসলাম
 উপ-সহকারী প্রকৌশলী
 সি এম বিভাগ
 ঢাকা ওয়াসা।


 ০৬.০৫.২৫
 রাহাত উন নবী
 সহকারী প্রকৌশলী
 সি এম বিভাগ
 ঢাকা ওয়াসা।



 ০৬/০৫/২৫
 নুজাত সাহা
 নির্বাহী প্রকৌশলী
 সি এম বিভাগ
 ঢাকা ওয়াসা।


 ০৬/০৫/২৫
 মোঃ ইব্রাহিম আহমেদ মজুমদার
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দঃ)
 এস.এম.ডব্লিউ. সি সার্কেল,
 ঢাকা ওয়াসা।



০৪

মহা (মহা দা)


 ০৬/০৫/২৫
 প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা